

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি দপ্তর

স-৪৫৪৬(আগরতলা ১১১)
ধর্মনগর, ১১ জানুয়ারি, ২০২৪

বিপর্যয় মোকাবিলা নিয়ে উত্তর ত্রিপুরা জেলায় কর্মশালা

বিপর্যয় ব্যবস্থাপনা সম্পর্কিত বিষয়ে উত্তর ত্রিপুরা জেলার সাংবাদিকদের নিয়ে গতকাল এক কর্মশালা অনুষ্ঠিত হয়। উত্তর ত্রিপুরা জেলা প্রশাসনের উদ্যোগে জেলাশাসক কার্যালয়ের সভাকক্ষে এই কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহর্তা দেবপ্রিয় বর্ধন, টিএসআর ১৩ নং ব্যাটেলিয়ানের কমান্ডেন্ট রাজেশ বর্ধন, রিসোর্সপার্সন গৌতম শুল্ক বৈদ্য ও সঞ্জীব দাস প্রমুখ। কর্মশালায় জেলাশাসক দেবপ্রিয় বর্ধন বলেন, প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় সম্প্রতি মেগা মহড়া অনুষ্ঠিত হয়েছে। জেলার ১০টি বিদ্যালয়ে দুর্যোগ মোকাবিলায় স্কুল সেফটি প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। আরও ২০টি স্কুলে সেফটি প্রোগ্রাম আয়োজন করা হবে। জেলাশাসক আরও বলেন, জনসাধারণকে বিপর্যয় মোকাবেলা সম্পর্কিত বিষয়ে সচেতন করার ক্ষেত্রে সংবাদমাধ্যমের ভূমিকা গুরুত্বপূর্ণ। এদিনের কর্মশালায় পাঁচটি মোবাইল অ্যাপ সম্পর্কে বিস্তারিতভাবে সাংবাদিকদের অবহিত করা হয়। রিসোর্সপার্সন গৌতম শুল্কবৈদ্য জানান, তুকম্প, দামিনি, মেঘদূত, সাচেট ও মৌসম এই পাঁচটি অ্যাপ এন্ড্রয়েড মোবাইলে ডাউনলোড করে বিভিন্ন ধরণের প্রাকৃতিক বিপর্যয় সম্পর্কে বিস্তারিতভাবে জানা যাবে। বৃষ্টি, বাঢ়, বজ্রপাত ইত্যাদি সম্পর্কে আগাম সতর্কতা জানা যাবে এই অ্যাপগুলির মাধ্যমে।
